

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি  
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)  
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫  
[www.iresppw-brdb.gov.bd](http://www.iresppw-brdb.gov.bd)



স্মারক নং-৪৭.৬২.০০০০.৯৬৬.০০.১০০.১২.২০১৩

তারিখঃ ২৪/০৬/২০২০ খ্রিঃ


বিষয়ঃ ব্যাখ্যা তলব।

সূত্রঃ ১. স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.১০০.১২.৮৫ তারিখঃ ১৩/০২/২০২০ খ্রিঃ

২. স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.১০০.১২.৫৩ তারিখঃ ২৭/০১/২০২০ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানান যাচ্ছে যে, আপনি পূর্ববর্তী কর্মসূচি হতে বিগত ২৯/০৯/২০১৯ খ্রিঃ তারিখে ছাড়পত্র প্রাপ্ত হলেও বদলিকৃত কর্মসূচিতে বিগত ২১/০১/২০ খ্রিঃ তারিখে যোগদান করেন। ছাড়পত্র প্রাপ্ত হওয়ার পর হতে বদলিকৃত কর্মসূচিতে যোগদানের মধ্যবর্তী সময় আপনার অবস্থান জানতে চেয়ে ব্যাখ্যা তলব করা হলে আপনি তার জবাব প্রেরণ না করে বিগত ২৮/০১/২০২০ খ্রিঃ তারিখে ০৪ সপ্তাহের চিকিৎসা ছুটির জন্য আবেদন করেন। ছাড়পত্র প্রাপ্ত হওয়ার পর হতে বদলিকৃত কর্মসূচিতে যোগদানের মধ্যবর্তী সময়ে আপনার অবস্থান স্পষ্টীকরণের পূর্বে চিকিৎসা ছুটি মঞ্জুরের সুযোগ নেই মর্মে জানানোর পরও বিগত ২২/০২/২০২০ খ্রিঃ তারিখে পুনরায় ০৮ সপ্তাহের চিকিৎসা ছুটির জন্য আবেদন করে অদ্যাবধি কর্মসূচিতে অনুপস্থিত রয়েছেন; যা অফিস শৃঙ্খলা পরিপন্থী। উল্লেখ্য যে, কর্মসূচি'র লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্ধারিত সময়ে কার্যক্রম বাস্তবায়নের বাধ্যবাধকতা রয়েছে এবং ঋণের আদায়কৃত সেবামূল্যের আয় হতে কর্মচারীদের বেতনভাতা নির্বাহ হয়ে থাকে। তাই আপনি দীর্ঘদিন কর্মসূচিতে অনুপস্থিত থাকায় উক্ত উপজেলায় লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্দিষ্ট সময়ে কার্যক্রম সম্পন্ন করা সম্ভব হচ্ছে না।

এমতাবস্থায়, কর্মসূচি বাস্তবায়নের স্বার্থে এবং এ ধরনের অফিস শৃঙ্খলা পরিপন্থী কার্যক্রমের জন্য কেন কর্মসূচিতে স্থানান্তর আদেশের ২(ঘ) শর্তানুযায়ী কর্মসূচি'র চুক্তিভিত্তিক নিয়োগ হতে আপনাকে অপসারণ করা হবে না তার জবাব ০৭(সাত) কার্যদিবসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণের জন্য বলা হলো।

  
মোহাম্মদ রাশেদুল আলম  
কর্মসূচি পরিচালক,  
ইরেসপো, বিআরডিবি, ঢাকা

শারমিন সুলতানা  
মাঠ সংগঠক,  
মনিরামপুর, যশোর

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, উপজেলাঃ মনিরামপুর, জেলাঃ যশোর।
২. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৩. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ যশোর।
৪. অফিস কপি/ব্যক্তিগত নথি/গার্ড ফাইল।

সদয় অবগতির জন্যঃ

১. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
২. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।